গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
(রাজস্ব শাখা)
www.munshiganj.gov.bd

নম্বর-০৫.৩০.৫৯০০.০০০.৩০৩.১১.০০০১.২৪.৬৩২

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩২
০৭ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখার ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৮৭.১২.৭১৬ নম্বর স্মারকের ছাড়পত্রের নির্দেশনা মোতাবেক ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১-এর আলোকে জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ এর রাজস্ব প্রশাসনের অধীন অফিসসমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত মুন্সীগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফর্মে/নির্ধারিত ফর্মে অনলাইনে (**http://dcmunshiganj.teletalk.com.bd** ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। **অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।**

| ক্রমিক নম্বর | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৬ (ছয়) টি | (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |
| ০২ | নাজির-কাম-ক্যাশিয়ার | ০২ (দুই) টি | (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |
| ০৩ | মিউটেশন সহকারী | ০৩ (তিন) টি | (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |
| ০৪ | সার্টিফিকেট পেশকার | ০২ (দুই) টি | (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |
| ০৫ | সার্টিফিকেট সহকারী | ০২ (দুই) টি | (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |
| ০৬ | ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী | ০২ (দুই) টি | (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। |
| ০৭ | অফিস সহায়ক | ১২ (বার) টি | (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও মুন্সীগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়সসীমা ১০/০৭/২০২৫ তারিখে অবশ্যই ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে (বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে ১৮ নভেম্বর ২০২৪ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেটের অধ্যাদেশ নং ১১, ২০২৪ অনুসরণ করা হয়েছে)। জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। একজন প্রার্থী শুধু একটি পদে আবেদন করতে পারবেন; একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

০৪। ০১-০৬ নং ক্রমিকের পদের প্রার্থীদের ক্ষেত্রে কম্পিউটার টাইপের নির্ধারিত গতি অবশ্যই থাকতে হবে।

০৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করতে হবে।

০৬। চাকরির জন্য আবেদন অনলাইনে **আগামী ১০/০৭/২০২৫ তারিখ সকাল ১০.০০ টা হতে ০৮/০৮/২০২৫ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত** দাখিল করা যাবে। সরাসরি অফিসে/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না এবং সরাসরি/ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

০৭। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৮। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রত্যেকটির ০১ (এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়ন করতে হবে);

খ) মুন্সীগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/প্রশাসক অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত অনলাইন নাগরিকত্ব সনদ;

গ) জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ;

ঘ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র;

ঙ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণকস্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র;

চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

জ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক বা পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ঝ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং

ট) ০১-০৬ নং ক্রমিকের পদের প্রার্থীর ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র।

০৯। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

১০। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে এবং যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদগুলো পূরণের ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা যথাযথভাবে অবশ্যই প্রতিপালন/অনুসরণ করা হবে।

১৫। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলী :**

(ক) আগ্রহী প্রার্থীগণ **http://dcmunshiganj.teletalk.com.bd** এই ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ: ১০/০৭/২০২৫ তারিখ সকাল ১০.০০ টা

ii) Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ০৮/০৮/২০২৫ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীগণ নিজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক (০১) কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে ০১-০৬ নম্বর ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ (বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২.০০ (একশত বারো) টাকা এবং ০৭ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬ (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) এর জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬ (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**ফি জমাদানের পদ্ধতি:**

**প্রথম SMS:** DCMUNSHIGANJ <space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে

Example: DCMUNSHIGANJ ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, Tk 112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCMUNSHIGANJ <space> YES <space> PIN and send 16222

**দ্বিতীয় SMS:** DCMUNSHIGANJ <space> YES <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে

Example: DCMUNSHIGANJ YES 12345678 & send to 16222

Reply: Congratulation's! Applicant's Name, Payment completed successfully for DCMUNSHIGANJ Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxx)

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাবেন।

চ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ **http://dcmunshiganj.teletalk.com.bd** এবং জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ এর ওয়েবসাইট **www.munshiganj.gov.bd** এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk Pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- User ID জানা থাকলে DCMUNSHIGANJ<space>Help<space>User<space>User ID & send to 16222
  Example: DCMUNSHIGANJ Help User ABCDEF & send to 16222
- PIN Number জানা থাকলে DCMUNSHIGANJ<space>Help<space>PIN<space>PIN Number & send to 16222
  Example: DCMUNSHIGANJ Help PIN 12345678 & send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর Subject-এ Organization Name: DCMUN, Post Name: ....................., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে]

১৬। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ এর ওয়েবসাইট **www.munshiganj.gov.bd** এবং **http://dcmunshiganj.teletalk.com.bd** অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https:/alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.munshiganj.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

১৭। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

১৮। আবেদন গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২০। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন/উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২১। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের পরামর্শ দেয়া হলো।

জেলা প্রশাসন, মুন্সীগঞ্জ এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

জেলা প্রশাসন, মুন্সীগঞ্জ এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code


ফাতেমা তুল জান্নাত
জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ
ফোন: ০২-৯৯৭৭৩১১০০ (অফিস)
Email: dcmunshiganj@mopa.gov.bd


নম্বর-০৫.৩০.৫৯০০.০০০.৩০৩.১১.০০০১.২৪.৬৩২

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩২ / ০৭ জুলাই ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা;
০৭। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, ঢাকা;
০৮। ডিআইজি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা বিভাগ, ঢাকা;
০৯। জেলা প্রশাসক,.................................................., (সকল);
১০। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ;
১১। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ;
১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ;
১৩। উপপরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ;
১৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ;
১৫। উপজেলা নির্বাহী অফিসার,..........................,মুন্সীগঞ্জ (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ);
১৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা;
১৭। সহকারী কমিশনার (ভূমি), .........................., মুন্সীগঞ্জ (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ);
১৮। রেভিনিউ ডেপুটি কালেক্টর, মুন্সীগঞ্জ;
১৯। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, মুন্সীগঞ্জ;
২০। সহকারী কমিশনার, আইসিটি শাখা, মুন্সীগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
২১। জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ (বিজ্ঞপ্তিটি জেলায় ব্যাপক প্রচারের অনুরোধসহ);
২২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
২৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং-৩/এ, ৫/এ, ৭/এ রোড নং-১৭, গুলশান ১, ঢাকা-১২১২ (নির্ধারিত সময়ে লিঙ্ক উন্মুক্ত করার অনুরোধসহ);
২৪। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ......................। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ................... তারিখে সংখ্যায় এক দিনের জন্য স্বল্প পরিসরে (২৭ ইঞ্চি × ৪ কলাম) ভিতরের পাতায় প্রকাশ এবং ০৫ (পাঁচ) কপি পত্রিকা বিলসহ এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো;
২৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ..................। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী .................. তারিখে সংখ্যায় এক দিনের জন্য স্বল্প পরিসরে (২৭ ইঞ্চি × ৪ কলাম) ভিতরের পাতায় প্রকাশ এবং ০৫ (পাঁচ) কপি পত্রিকা বিলসহ এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো;
২৬। নোটিশ বোর্ড/অফিস কপি।

জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ